

সারাদেশ

তেলবাহী ট্যাংকারের ধাক্কায় অটোরিকশার ৪ যাত্রী নিহত

প্রতিবেদক: সিলেট প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সিলেট-ঢাকা মহাসড়কের ওসমানীনগরে তেলবাহী ট্যাংকারের ধাক্কায় সিএনজিচালিত অটোরিকশার চার যাত্রী নিহত হয়েছেন। এ দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন আরও দুজন, যারা বর্তমানে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

শনিবার (২২ আগস্ট) দুপুর আড়াইটার দিকে ওসমানীনগর উপজেলার ব্রাহ্মণগ্রাম এলাকায় এই দুর্ঘটনা ঘটে। এতে হতাহতদের সবাই অটোরিকশার যাত্রী ও চালক।

নিহত ব্যক্তিরা হলেন— সুনামগঞ্জের জগন্নাথপুর উপজেলার শ্রীরামসী এলাকার নিয়ামত আলী, তাঁর স্ত্রী, তাঁদের শিশুকন্যা এবং মৌলভীবাজারের শেরপুর এলাকার অটোরিকশাচালক লালন মিয়া।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, শেরপুর থেকে সিলেটগামী একটি সিএনজিচালিত অটোরিকশাকে বিপরীত দিক থেকে আসা এক তেলবাহী ট্যাংকারি সজোরে ধাক্কা দেয়। এতে অটোরিকশাটি দুমড়েমুচড়ে যায়। দুর্ঘটনার পরপরই স্থানীয়রা আশঙ্কাজনক অবস্থায় চালকসহ আহতদের উদ্ধার করে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে দায়িত্বরত চিকিৎসক চারজনকে মৃত ঘোষণা করেন।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের
প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ঐইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া
অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও
তৈরি হচ্ছে নকল দুধ। সন্ধ্যা বিন তেল, গ...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/telbahi-tjangkarer-dhakkay-otorikshar-4-jatri-niht>